# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৭৮

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয়ের শর্তসমূহ

بَابٌ فِى الْبَيْعِ الْمَشْرُوْطِ

## আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَن بيع الْوَلَاء وَعَن هِبته

## বাংলা

২৮৭৮-[8] ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তরাধিকার স্বত্বকে (মুক্তকরণ সূত্রে) বিক্রি করা এবং তা দান করা হতে নিষেধ করেছেন। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৫৩৫, মুসলিম ১৫০৬, আবূ দাঊদ ২৯১৯, নাসায়ী ৪৬৫৮, তিরমিযী ১২৩৬, ইবনু মাজাহ ২৭৪৭, আহমাদ ৪৫৬০, সহীহ আল জামি‘ ৬৯৩৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীস ‘‘আল ওয়ালা-’’ বিক্রি করা কিংবা হেবা করা হারাম হওয়ার উপর প্রমাণ করে। কারণ এ দু’টির কোনটি বৈধ হবে না এবং ‘‘ওয়ালা’’ তার হকদার থেকে স্থানান্তর করা যাবে না। বরং এটি বংশীয় অংশের মতই। জুমহূর ‘উলামাগণসহ পূর্ববর্তী ও পরবর্তী ‘উলামাগণ এমনটাই বলেছেন। (শারহ মুসলিম ১০ম খন্ড, হাঃ ১৫০৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68205

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন